



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.৯৯.০০৪৫.২৫.৮২

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

দপ্তরাদেশ নং-০৯/২০২৬

বিষয়: গ্রাহকের অভ্যন্তরীণ লাইন নির্মাণ/মডিফিকেশনসহ অন্যান্য সরঞ্জাম পরিবর্তন, পরিবর্ধন, রক্ষণাবেক্ষণ কিংবা পৃথকীকরণ কার্যক্রম স্বল্পখরচে সম্পন্নকরণ প্রসঙ্গে।

কোম্পানির গ্রাহকগণের অভ্যন্তরীণ লাইন নির্মাণ/ মডিফিকেশনসহ অন্যান্য সরঞ্জাম পরিবর্তন, পরিবর্ধন, রক্ষণাবেক্ষন কিংবা পৃথকীকরণ কার্যক্রম স্বল্পখরচে সম্পন্নকরণ এবং অভ্যন্তরীণ লাইন নির্মাণের সময় গ্রাহক পর্যায়ে হয়রানি বন্ধ করার লক্ষ্যে এতদবিষয়ে গঠিত কমিটির সুপারিশের আলোকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

১.১। প্রি-পেইড গ্যাস মিটার স্থাপনকালে গ্রাহকের অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন ও অন্যান্য সরঞ্জাম পরিবর্তন, পরিবর্ধন, রক্ষণাবেক্ষণ কিংবা পৃথকীকরণের প্রক্রিয়াটি সহজীকরণের লক্ষ্যে গ্রাহকের নিজ ব্যয়ে তিতাসের তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে নির্মাণ কাজ সম্পাদন করতে হবে;

১.২। ঠিকাদারের মাধ্যমে/সহযোগিতায় বাজার হতে মালামাল ক্রয়ের ক্ষেত্রে গ্রাহক যেন প্রতারিত না হন, সে লক্ষ্যে গ্রাহকগণের সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট জোনাল অফিস হতে নিম্নোক্ত আনুমানিক ব্যয় সম্পর্কে গ্রাহকগণকে অবহিত করতে হবে:

১.২.১। ৩/৪ ইঞ্চি ব্যাসের পাইপ লাইনের ক্ষেত্রে ব্যয় প্রায় ৬,০০০/- (ছয় হাজার টাকা)

১.২.২। ১/২ ইঞ্চি ব্যাসের পাইপ লাইনের ক্ষেত্রে ব্যয় প্রায় ৫,০০০/- (পাঁচ হাজার টাকা)

উল্লেখ্য, এ ব্যয় রাইজার হতে কিচেনের দূরত্ব, কিচেনের অবস্থান এবং বাজার মূল্যের পরিবর্তন অনুসারে পরিবর্তনশীল হতে পারে।

১.৩। অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন নির্মাণ/মডিফিকেশনের ক্ষেত্রে নিচতলার প্রতিটি কিচেনের ঠিকাদার মজুরী ৪,০০০/- (চার হাজার টাকা) এবং উপরের প্রতিটি ফ্লোরের জন্য ২০০ (দুইশত) টাকা হারে বৃদ্ধি পাবে মর্মে নির্ধারণ করা হলো। কোন ঠিকাদার উল্লিখিত নির্ধারিত অর্থের অধিক গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে পারবে না। তবে, কাজের ধরণ বিবেচনায় কোন ঠিকাদার চাইলে এর চেয়ে কম রেটে কাজ করতে পারবে;

১.৪। প্রকল্পের আওতায় গ্রাহক আজিনায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপনকালে অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন নির্মাণ/মডিফিকেশনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক সমাপনী প্রতিবেদন এবং চাপ পরীক্ষণ (লিকেজ টেস্ট) প্রতিবেদন দাখিলের বিষয়টি সংশ্লিষ্ট জোনাল অফিস কর্তৃক নিশ্চিত করতে হবে। সেবা সহজীকরণের সুবিধার্থে উক্ত সমাপনী প্রতিবেদন ও চাপ পরীক্ষণ প্রতিবেদন প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা (ন্যূনতম সহকারী প্রকৌশলী) কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১.৫। অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন নির্মাণ ব্যয় গ্রহণের বিপরীতে ঠিকাদারের নিজ প্যাডে গ্রাহককে পাকা রশিদ প্রদানসহ সম্পাদিত কাজের বিপরীতে ০১ (এক) বৎসরের সার্ভিস ওয়ারেন্টি প্রদানের বিষয়টি কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক নিশ্চিত করতে হবে।

২। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।



১২-০৪-২০২৬

হাছান আহম্মদ

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ফোন : ৫৮১৫৫৪৭২

ফ্যাক্স : ৮১৮৯১৯০

ইমেইল : gm.admn.titas@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.৯৯.০০৪৫.২৫.৮২/১ (১১)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সাধারণ) - সকল।।
- ২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।।
- ৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল।।
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৬। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৮। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ১০। ব্যবস্থাপক (একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এবং
- ১১। অফিস কপি, ।



১২-০৪-২০২৬

হাছান আহম্মদ

মহাব্যবস্থাপক (প্রশাসন)